



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৫ ফেব্রুয়ারি ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

### লামায় বৌদ্ধ ভিক্ষুকে হেনস্তা ও ভূমি বেদখলের নিন্দা

বান্দরবানে লামায় অশোক বৌদ্ধ বিহারের অধ্যক্ষ উ চাইন্দিমা ভিক্ষুকে হেনস্তা এবং অবৈধভাবে শ্রো ও ত্রিপুরাদের ৪০০ একর জুম ভূমি বেদখল প্রচেষ্টার নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।

আজ ২৫ ফেব্রুয়ারি ২০২৪, রবিবার ইউপিডিএফের সহসভাপতি নতুন কুমার চাকমা এক বিবৃতিতে বলেন, গত ২৩ ফেব্রুয়ারি রোজ শুক্রবার সকাল ১১ টায় লামা রাবার ইন্ডাস্ট্রিজ কোম্পানির লোকজন নিরাপত্তা বাহিনীর সদস্যদের নিয়ে রেংয়েন পাড়ায় যায় এবং বিহারে প্রবেশ করে আহররত ভাঙুকে হেনস্তা ও তার পরিহিত রংবস্ত্র ধরে টেনেহেঁচড়ে বিহার থেকে নামানোর চেষ্টা করে। এ সময় তারা রেংয়েন কার্বারীকেও মারধর করে।

কোম্পানির লোকজন এরপর পাড়ায় গিয়ে শ্রোদেরকে গ্রাম ছেড়ে চলে যেতে বলে এবং চলে না গেলে তাদের বাড়িঘরে আগুন দেয়ার হুমকি দেয়।

ইউপিডিএফ নেতা রেংয়েন কার্বারীর উদ্ধৃতি দিয়ে বলেন, লামা রাবার ইন্ডাস্ট্রিজের লোকজন গত ২৩ ও ২৪ ফেব্রুয়ারি তাদের ৪০০ একর জমি বেদখলের উদ্দেশ্যে জঙ্গল কেটে সাফ করে; এ ব্যাপারে স্থানীয় প্রশাসনের কাছে প্রতিবাদ জানানো হলেও ভূমিদস্যুদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেয়া হয়নি।

নতুন কুমার চাকমা অবিলম্বে শ্রোদের বংশপরম্পরায় ভোগদখল করে আসা জমি বেদখলের ষড়যন্ত্র বন্ধ, ভূমি দস্যুদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহণ এবং উ চাইন্দিমা ভিক্ষুকে হেনস্তা ও ধর্মীয় অবমাননার সাথে জড়িত লামা রাবার ইন্ডাস্ট্রিজের লোকজনকে গ্রেফতারের দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।